

সাসটেইনবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

এসএফডি সার্কুলার নং: ০১

তারিখ: ১৫ জানুয়ারি, ২০১৮
০২ মাঘ, ১৪২৪

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের
অগ্রগতি প্রতিবেদন দাখিলের অভিন্ন ছক (Uniform Format) পরিমার্জন

বাংলাদেশের কার্যরত সকল তফসিলী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য ২০১১ সালে ও ২০১৩ সালে পরিবেশ বিপর্যয় রোধ এবং শক্তিশালী আর্থিক কাঠামো নিশ্চিতকরণের স্বার্থে দেশে একটি পরিবেশবান্ধব অর্থায়ন পরিচর্চা গড়ে তোলার লক্ষ্যে নির্দেশনামূলক পরিবেশবান্ধব ব্যাংকিং বিষয়ক বিশদ নীতিমালা (বিআরপিডি সার্কুলার নং:০২ তারিখ-ফেব্রুয়ারি ২৭, ২০১১; জিবিসিএসআরডি সার্কুলার নং:০৪ তারিখ-আগস্ট ১১, ২০১৩; জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং:০৫ তারিখ-সেপ্টেম্বর ১১, ২০১৩) জারি করা হয়। উক্ত নীতিমালার আওতায় ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোকে তাদের পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে অভিন্ন ছক (Uniform Format) এ বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট বিভাগে দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয় (বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭/২০১২, জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪/২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৫/২০১৩)।

২। পরবর্তীতে, বাংলাদেশ সরকারের বিভিন্ন কর্মপরিকল্পনা, যেমন-Perspective Plan of Bangladesh 2010-2021 ও National Sustainable Development Strategy, 7th FYP এবং জাতিসংঘ বৈশ্বিক পর্যায়ে টেকসই উন্নয়ন অভীষ্ট (Sustainable Development Goals) ঘোষণা জাতীয় পর্যায়ে বাস্তবায়ন কর্মপরিকল্পনায় পরিবেশ এবং জলবায়ুর উপর অধিক গুরুত্বারোপ করা হয়। পরিবেশ ও জলবায়ুর পরিবর্তনশীল বৈশিষ্ট্যের কারণে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে এ বিষয়ে সকলকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং সমন্বিতভাবে অংশগ্রহণ করার জন্য পরিবেশবান্ধব ব্যাংকিং নীতিমালা অধিকতর গতিশীল এবং হালনাগাদ করার লক্ষ্যে সময়ে সময়ে নির্দেশনা জারি করা হয়।

৩। উল্লিখিত পরিবেশ বান্ধব নীতিমালা ও এতদসংশ্লিষ্ট অন্যান্য নির্দেশনার সম্যক পরিপালন পরিবীক্ষণ, তথ্যসমূহের সংখ্যা ও গুণগত পরিমাপ বিশ্লেষণ করার লক্ষ্যে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকের নিকট দাখিলের জন্য দুইটি (তফসিলি ব্যাংকের জন্য একটি ও আর্থিক প্রতিষ্ঠানের জন্য অপরটি) অভিন্ন ছক (Uniform Format) প্রণয়ন করা হয়েছে যা অত্র সার্কুলারের মাধ্যমে পরিপালনের জন্য জারি করা হলো। জানুয়ারী-মার্চ ২০১৮ ত্রৈমাস হতে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলো উল্লিখিত ছকে প্রতিবেদন দাখিল করবে। প্রতি ত্রৈমাস সমাপ্তির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে আর্থিক প্রতিষ্ঠানগুলো এবং ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ব্যাংকগুলো তাদের স্ব স্ব ক্ষেত্রে প্রযোজ্য ফরম্যাটে পরিবেশবান্ধব কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের হার্ডকপি (ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/হেড অব কান্ট্রি অপারেশন্স কর্তৃক স্বাক্ষরিত Forwarding Letter সহকারে) অত্র বিভাগে দাখিল করবে। তাছাড়া উক্ত প্রতিবেদনের সফট

কপি (এক্সেল ফাইল) বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটের (www.bb.org.bd) মাধ্যমে দাখিল করবে [Bangladesh Bank Data Upload System এর আওতায় হোমপেজের Services⇒E-Services⇒Web upload⇒Sustainable Finance Reports]। এ লক্ষ্যে, প্রতিটি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানকে একটি করে ‘User ID’ অত্র বিভাগ হতে সরবরাহ করা হবে। অত্র সার্কুলার জারির তারিখ হতে ৩০ দিনের মধ্যে সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান তাদের প্রধান নির্বাহী/ব্যবস্থাপনা পরিচালক/হেড অব কাঙ্ক্ষি অপারেশন্স এর স্বাক্ষরিত পত্রের মাধ্যমে মনোনীত কর্মকর্তার (ন্যূনতম সিনিয়র অফিসার পদমর্যাদার) দ্বারা তাদের স্ব স্ব ‘User ID’ ও ‘password’ অত্র বিভাগ হতে সংগ্রহ করবে এবং তা পরবর্তীতে নিরাপদ পন্থায় সংরক্ষণ করবে।

৪। এ প্রসঙ্গে উল্লেখ্য, পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন দাখিল সংক্রান্ত বিআরপিডি সার্কুলার লেটার নং-০৭/২০১২, জিবিসিএসআরডি সার্কুলার নং-০৪/২০১৩ ও জিবিসিএসআরডি সার্কুলার লেটার নং-০৫/২০১৩ এর মাধ্যমে জারিকৃত অভিন্ন ছক (Uniform Format) অত্র সার্কুলারের মাধ্যমে রহিত করা হলো।

৫। ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১ (২০১৩ সালে সংশোধিত) এর ৪৫ ধারা ও আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ (২০০৩ সালে সংশোধিত) এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনাবলী জারি করা হলো যা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক

আপনাদের বিশ্বস্ত,

(মনোজ কুমার বিশ্বাস)

মহাব্যবস্থাপক

ফোন নং: ৯৫৩০৩২০

ফ্যাক্স নং: ৯৫৩০৩২৪

Email: manoj.biswas@bb.org.bd

gm.gbcsrd@bb.org.bd